# মডেল টেস্ট– ৬

## প্রাথমিক বিজ্ঞান

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. সুমনদের পুকুরে বিভিন্ন ধরনের মাছের চাষ করা হয়। এগুলো কোন ধরনের জীবের অন্তর্ভুক্ত?

ⓚ পতঙ্গের ⓚ পানির ⓖ মাটির ⓖ খাদক

২. রাসেল বট গাছের নিচে বসে শ্বাসকার্যে ব্যবহৃত একটি গ্যাস বায়ুতে ত্যাগ করল। গ্যাসটি আবার বট গাছ খাদ্য তৈরির জন্য গ্রহণ করল। গ্যাসটির নাম কী?

ⓚ নাইট্রোজেন ⓚ অক্সিজেন

ⓖ হাইড্রোজেন ⓖ কার্বন ডাইঅক্সাইড

৩. সিজারদের বাড়িতে একটি জাম গাছ আছে। গাছটি কিসের জন্য জড় বস্তুর উপর নির্ভরশীল?

ⓚ অক্সিজেন গ্রহণ করা ⓚ কার্বন ডাইঅক্সাইড ত্যাগ করা

ⓖ নাইট্রোজেন ত্যাগ করা ⓖ কার্বন ডাইঅক্সাইড গ্রহণ করা

৪. রমেশ ঢাকা শহরে একটি প্রতিষ্ঠানের বিক্রয় প্রতিনিধি হিসাবে কাজ করে। সেখানে বায়ু দূষণের সৃষ্ট কারণ কোনটি?

ⓚ রাসায়নিক সার ব্যবহার ⓚ যেখানে সেখানে কাচের টুকরা ফেলা

ⓖ উচ্চৈঃস্বরে গান শোনা ⓖ যানবাহন চালানো

৫. মাসুদদের গ্রামে দিন দিন জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় সেখানে পরিবেশ নানাভাবে দূষিত হচ্ছে। গ্রামটিতে কোন কারণে পানি দূষিত হয়?

ⓚ ইটের ভাটায় ইট পোড়ানো ⓚ অপরিকল্পিতভাবে বাসগৃহ নির্মাণ

ⓖ বনায়ন ধ্বংসকরণ ⓖ জমিতে কীটনাশক প্রয়োগ

৬. আরিফ কাজের সন্ধানে গ্রাম ছেড়ে শহরে যাওয়ার ব্যাপারে আগ্রহী। সেখানে কোনটির কারণে বায়ু দূষিত হয়?

ⓚ পলিথিনের ব্যবহার ⓚ রাসায়নিক সারের ব্যবহার

ⓖ অপরিকল্পিতভাবে বাসগৃহ নির্মাণ ⓖ উচ্চৈঃস্বরে গান বাজানো

৭. মুহিত এভারেস্ট চূড়ায় প্রচুর বরফ দেখতে পেল। এর কারণ কী হতে পারে?

ⓚ পর্বত চূড়ায় বরফ সৃষ্টি হয়

ⓚ মেঘের পানিকণা ঠান্ডায় বরফে পরিণত হয়

ⓖ শুধু পর্বতের চূড়ায় বৃষ্টি হয়

ⓖ শুধু পর্বতের চূড়ায় তুষার ঝড় হয়

৮. রাতুল বৃষ্টির পানির উৎপত্তি নিয়ে কৌতূহলী হলো। বৃষ্টির পানিপ্রবাহের সঠিক প্রবাহচিত্র কোনটি?

ⓚ মেঘ → বৃষ্টি → নদী → সমুদ্র

ⓚ বৃষ্টি → নদী → সমুদ্র → জলাশয়

ⓖ বৃষ্টি → মেঘ → পুকুর → সমুদ্র

ⓖ মেঘ → বৃষ্টি → নদী → পুকুর

৯. মাহিম হিমালয়ের চূড়ায় উঠে দেখল সেখানকার বরফ সূর্যের তাপে গলে পানি হয়ে ভূপৃষ্ঠের দিকে প্রবাহিত হচ্ছে। কোন সময়ে পর্বতের চূড়ার বরফ এভাবে নিচের দিকে নেমে আসে?

ⓚ শীতকালে ⓚ বর্ষাকালে ⓖ হেমন্তকালে ⓖ গ্রীষ্মকালে

১০. আমিন বায়ুপ্রবাহকে কাজে লাগানোর জন্য খোলা জায়গায় ভেজা কাপড় শুকাতে দেয়। বায়ুপ্রবাহ কোন কাজটি করে?

ⓚ আলো শোষণ করে ⓚ পানি শোষণ করে

ⓖ তাপ বর্জন করে ⓖ তাপ শোষণ করে

http://teachingbd.com

১১. গ্রীষ্মের দুপুরে পরিশ্রান্ত মিজান গাছের পাশে দাঁড়ালে বায়ুপ্রবাহের ফলে মুহূর্তেই সে শীতল অনুভব করল। তার শরীরে ঠাণ্ডা লাগল কেন?
ক প্রবাহিত বায়ু তাপ শোষণ করে খ প্রবাহিত বায়ু তাপ বর্জন করে
গ বায়ুপ্রবাহ ঠাণ্ডা বলে ঘ শরীর ঠাণ্ডা থাকে বলে

১২. চট্টগ্রাম রেলওয়ে স্টেশনের প্লাটফরম থেকে সুবর্ণা এক্সপ্রেস ট্রেনটি ঢাকার উদ্দেশে যাত্রা করার মুহূর্তে কালো ধোঁয়া বের হলো। কালো ধোঁয়ায় বিদ্যমান বায়ু দূষণকারী গ্যাসটির নাম কী?
ক কার্বন ডাইঅক্সাইড খ আর্গন
গ আয়রন অক্সাইড ঘ নাইট্রোজেন

১৩. রাহুল একটি বস্তুকে পরিচলন পদ্ধতিতে তাপ দিতে থাকল। বস্তুটি কী হতে পারে?
ক লোহার দণ্ড খ পানি গ তামা ঘ সিসা

১৪. আলিম পানি গরম ও ঠাণ্ডা রাখার জন্য একটি যন্ত্র ব্যবহার করে। যন্ত্রটির নাম কী?
ক থার্মোফ্লাস্ক খ কেটলি
গ প্রেসার কুকার ঘ টিনের কৌটা

১৫. জামালদের গ্রামের কৃষকেরা রোদে শুকিয়ে খাদ্য সংরক্ষণ করে। কৃষকদের খাদ্য সংরক্ষণ করা দ্রব্য কোনটি হতে পারে?
ক ফল খ ধান গ তরকারি ঘ মাংস

১৬. কুয়াকাটার জেলেরা বিভিন্ন মাছের শুঁটকি পরবর্তী সময়ে ব্যবহার করার জন্য সংগ্রহ করে। তারা কীভাবে মাছের শুঁটকি সংরক্ষণ করে?
ক হিমাগারে রেখে খ পানিতে ডুবিয়ে রেখে
গ রোদে শুকিয়ে ঘ স্যাকারিন মিশিয়ে

১৭. রিদনদের এলাকায় বছরের সব সময় চাল, ডাল, গম ইত্যাদি খাদ্যদ্রব্য পাওয়া যায় না। তাদের এলাকার মানুষেরা কীভাবে এসব খাদ্যদ্রব্য সংরক্ষণ করতে পারে?
ক ফ্রিজে রেখে খ হিমাগারে রেখে
গ রোদে শুকিয়ে ঘ উচ্চ তাপে শুকিয়ে

১৮. নাদিমদের ঘরের পাশে ফুলের টবে পানি জমে থাকে। তার দেহে কোন রোগটি হতে পারে?
ক হাম খ ডেঙ্গু গ সর্দিজ্বর ঘ জন্ডিস

১৯. শিখর অপরিষ্কার থালায় খাবার খায়। তার দেহে কোন রোগটি হতে পারে?
ক যক্ষ্মা খ ইনফ্লুয়েঞ্জা গ কলেরা ঘ এইডস

২০. শহিদ সৌরজগতের মডেলে পৃথিবীর একদিক সূর্যের দিকে মুখ করে থাকতে দেখল। এ সময় পৃথিবীতে কোনটি ঘটে?
ক রাত খ দিন গ ভোর ঘ অন্ধকার

২১. রাতুলদের এলাকায় কৃষকেরা জমি চাষাবাদের জন্য ইদানীং ট্রাক্টর ও সেচ পাম্প ব্যবহার করে। ট্রাক্টর ও সেচ পাম্প কোন প্রযুক্তির অন্তর্ভুক্ত?
ক জৈব প্রযুক্তি খ যান্ত্রিক প্রযুক্তি
গ রাসায়নিক প্রযুক্তি ঘ প্রাচীন প্রযুক্তি

২২. যাদব ঢাকা থেকে বাসযোগে চট্টগ্রামের উদ্দেশে রওনা দিল। বাসে চড়ে সে কোন মাধ্যমটি ব্যবহার করে দেশ-বিদেশের মুহূর্তের খবর জানতে পারবে?
ক ডিভিডি খ ইন্টারনেট গ পেন ড্রাইভ ঘ ফ্যাক্স

২৩. রাজশাহী শহরে আজকের দিনে বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে গেছে। সেখানে বায়ুচাপের কিরূপ পরিবর্তন ঘটে?
ক কমে যায় খ বেড়ে যায় গ স্থির থাকে ঘ শূন্য হয়

২৪. চট্টগ্রাম শহরে হঠাৎ করে বায়ুচাপ কমে গেল। ফলে এখানে বায়ুপ্রবাহের কিরূপ পরিবর্তন ঘটে?
ⓚ বায়ুপ্রবাহ কমে যায় ⓚ বায়ুপ্রবাহ বেড়ে যায়
ⓖ বায়ুপ্রবাহ স্থির থাকে ⓖ বায়ুপ্রবাহের গতি শূন্য হয়

২৫. গ্রীষ্মকালে আমাদের দেশের আবহাওয়া বেশ গরম থাকে। এ সময় বায়ু কোন দিক থেকে কোন দিকে প্রবাহিত হয়?
ⓚ উত্তর থেকে দক্ষিণ দিকে ⓚ দক্ষিণ থেকে উত্তর দিকে
ⓖ পূর্ব থেকে পশ্চিম দিকে ⓖ পশ্চিম থেকে পূর্ব দিকে

২৬. জাতিসংঘ সাধারণ সভায় উন্নয়নশীল দেশের রাষ্ট্রপ্রধানরা বৈশ্বিক উষ্ণায়ন ও জলবায়ুর পরিবর্তন নিয়ে সোচ্চার হলো। তাদের মূল প্রতিপাদ্য বিষয়টি রোধ করার উপায় কোনটি?
ⓚ কার্বন ডাইঅক্সাইড গ্যাসের নিঃসরণ কমানো
ⓚ সালফার ডাইঅক্সাইড গ্যাসের নিঃসরণ কমানো
ⓖ নাইট্রোজেন গ্যাসের নিঃসরণ কমানো
ⓖ আর্গনের নিঃসরণ কমানো

২৭. রাহুলদের গ্রামে জনগণের নানা কর্মকাণ্ডের ফলে বায়ুমণ্ডলে কার্বন ডাইঅক্সাইড গ্যাসের পরিমাণ বৃদ্ধি পায়। এর প্রধান কারণ কী?
ⓚ গাছপালা কমে যাওয়া
ⓚ যানবাহনের সংখ্যা বৃদ্ধি পাওয়া
ⓖ শিল্পকারখানার সংখ্যা বৃদ্ধি পাওয়া
ⓖ ব্যাপক হারে জনসংখ্যা বৃদ্ধি পাওয়া

২৮. হান্নানদের গ্রামে গাছপালা কেটে বন উজাড় করে ফেলা হয়েছে। উদ্ভিদের ক্ষেত্রে ফলস্বরূপ কী হতে পারে?
ⓚ অক্সিজেন কম শোষণ করা
ⓚ নাইট্রোজেন কম শোষণ করা
ⓖ কার্বন ডাইঅক্সাইড কম শোষণ করা
ⓖ কার্বন ডাইঅক্সাইড বেশি শোষণ করা

২৯. রিনাদের গ্রামে নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ ব্যবহার করার ফলে পরিবেশ দূষিত হয় না। কোনটি নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ?
ⓚ কয়লা ⓚ বায়ু
ⓖ জীবাশ্ম জ্বালানি ⓖ প্রাকৃতিক গ্যাস

৩০. হাসিবদের এলাকায় অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদের ব্যবহার বৃদ্ধি পাওয়ায় জনগণের বিকল্প উৎসের প্রতি আগ্রহ বাড়ছে। কোনটি অনবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদ?
ⓚ গাছপালা ⓚ পশুপাখি ⓖ সূর্যরশ্মি ⓖ কয়লা

৩১. তোমার মা রান্নাঘরে যে লোহার বঁটি দিয়ে সবজি কাটছেন, সেটি কোন ধরনের সম্পদ?
ⓚ খনিজ সম্পদ ⓚ প্রাকৃতিক সম্পদ
ⓖ মানবসৃষ্ট সম্পদ ⓖ সামাজিক সম্পদ

৩২. হতদরিদ্র মনু মিয়ার পরিবারের সদস্যরা কাঁচা পায়খানা ব্যবহার করে। তাদের মলমূত্র নদীর পানিতে মিশলে কী ঘটে?
ⓚ পরিবেশ পরিষ্কার থাকে ⓚ জলজ প্রাণীর উপকার হয়
ⓖ নদীর পানি দূষিত হয় ⓖ জমি উর্বর হয়

৩৩. রাজশাহীর পদ্মা নদীর বিখ্যাত সুস্বাদু ইলিশ মাছ আজ বিলুপ্তপ্রায়। মাছসহ অন্যান্য জলজ প্রাণী নদীতে মারা যাচ্ছে কেন?
ⓚ শব্দ দূষণের কারণে ⓚ পানি দূষণের কারণে
ⓖ বায়ু দূষণের কারণে ⓖ মাটি দূষণের কারণে

৩৪. বর্ধিত জনসংখ্যার চাহিদা মেটাতে অধিক ফলনের আশায় ফুলবাড়ি গ্রামের কৃষকরা জমিতে অতিরিক্ত রাসায়নিক সার ব্যবহার করে। এর ক্ষতিকর প্রভাব কোনটি?
ⓚ বায়ু দূষণ ⓚ পানি দূষণ ⓖ শব্দ দূষণ ⓖ ফলন হ্রাস

http://teachingbd.com

৩৫. সুজনদের অফিসে বিদ্যুৎ চলে গেলে জেনারেটর চালানো হয়। জেনারেটরের মাধ্যমে শক্তির কোন রূপান্তরটি ঘটে?
ক) রাসায়নিক শক্তি → গতিশক্তি → তাপ শক্তি → বিদ্যুৎ শক্তি
খ) রাসায়নিক শক্তি → বিদ্যুৎ শক্তি → গতিশক্তি → তাপ শক্তি
গ) রাসায়নিক শক্তি → তাপ শক্তি → বিদ্যুৎ শক্তি → গতিশক্তি
ঘ) রাসায়নিক শক্তি → তাপ শক্তি → গতিশক্তি → বিদ্যুৎ শক্তি

৩৬. ম্যালেরিয়া রোগের বাহক কোনটি?
ক) মাছি খ) মশা গ) প্রজাপতি ঘ) ফড়িং

৩৭. যে পথে পৃথিবী এবং অন্যান্য গ্রহসমূহ সূর্যকে আবর্তন করে তাকে কী বলে?
ক) অক্ষরেখা খ) গোলার্ধ গ) কক্ষপথ ঘ) ছায়াপথ

৩৮. বৈজ্ঞানিক পদ্ধতির কয়টি ধাপ রয়েছে?
ক) ৪টি খ) ৬টি গ) ৮টি ঘ) ১২টি

৩৯. চুনাপাথর কোন ধরনের সম্পদ?
ক) জীবাশ্ম সম্পদ খ) মানবসৃষ্ট সম্পদ
গ) প্রাকৃতিক সম্পদ ঘ) উদ্ভিদ সম্পদ

৪০. কত বছর পর পর আদমশুমারি অনুষ্ঠিত হয়?
ক) ৫ বছর খ) ১০ বছর গ) ১৫ বছর ঘ) ২০ বছর

৪১. নিচের কোনটি শক্তির অপচয় রোধে ভূমিকা পালন করে?
ক) ঘরের আসবাবপত্র গুছিয়ে রাখা
খ) নিয়মিত থালাবাসন ধৌত করা
গ) অপ্রয়োজনে বাতির সুইচ বন্ধ করা
ঘ) বৈদ্যুতিক যন্ত্রপাতি ব্যবহার না করা

৪২. কোনটি জাঙ্ক ফুড নয়?
ক) পটেটো চিপস খ) কোমল পানীয়
গ) আলুর ভর্তা ঘ) বার্গার

৪৩. হাঁচি ও কাশির সময় মুখে হাত বা রুমাল দিয়ে ঢাকলে নিচের কোন রোগটি প্রতিরোধ করা যায়?
ক) ইনফ্লুয়েঞ্জা খ) বাতজ্বর গ) এইডস ঘ) ডায়রিয়া

৪৪. কোন উক্তিটি শুদ্ধ?
ক) সূর্য একটি গ্রহ খ) সূর্য একটি নক্ষত্র
গ) সূর্য একটি গ্রহাণু ঘ) সূর্য একটি উপগ্রহ

৪৫. বৈজ্ঞানিক পদ্ধতির কোন ধাপের মাধ্যমে আমাদের চারপাশে পর্যবেক্ষিত প্রাকৃতিক ঘটনা সম্পর্কে কৌতূহলবোধ করা হয়?
ক) অনুমান খ) বিনিময় গ) পর্যবেক্ষণ ঘ) পরীক্ষণ

৪৬. প্রয়োজনীয় তথ্য কিসের মাধ্যমে ইন্টারনেট ব্যবহার করে পাওয়া যায়?
ক) টেলিভিশন খ) রেডিও গ) ডিভিডি ঘ) মোবাইল ফোন

৪৭. বাংলাদেশে কোনটি প্রতিবছর দেখা যায়?
ক) বন্যা খ) ভূমিকম্প গ) কালবৈশাখী ঘ) হারিকেন

৪৮. বিভিন্ন কারণে বায়ুতে কার্বন ডাইঅক্সাইডের পরিমাণ বৃদ্ধি পেলে পরিবেশে কী ঘটে?
ক) তাপমাত্রা বাড়ে খ) তাপমাত্রা কমে
গ) তাপমাত্রা স্থিতিশীল থাকে ঘ) ঠাণ্ডা বাড়ে

৪৯. নিচের কোনটি প্রাকৃতিক সম্পদ?
ক) বালু খ) কাচ গ) লোহা ঘ) কাস্তে

৫০. বাড়তি শস্য উৎপাদন এবং পশুপালনের জন্য মানুষ কী ধ্বংস করছে?
ক) নদীনালা খ) পাহাড়-পর্বত গ) গাছপালা ঘ) ঘরবাড়ি

http://teachingbd.com

২। **নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) বায়ু দূষণের প্রধান কারণ কী বলে তুমি মনে কর?
(খ) বায়ু দূষণ বলতে তুমি কী বোঝ?
(গ) শিল্পবিপ্লবের সময়কালে কোন কোন ক্ষেত্রে তোমাদের দেশে প্রযুক্তির উন্নয়ন ঘটে?
(ঘ) তোমার নিকট বাংলাদেশের জলবায়ু কেমন বলে মনে হয়?
(ঙ) তোমার এলাকার তিনটি নবায়নযোগ্য প্রাকৃতিক সম্পদে নাম লেখ।
(চ) খাদ্য জাল কী?
(ছ) পানি চক্র কী?
(জ) ছাঁকন কী?
(ঝ) শক্তির সংরক্ষণ কাকে বলে?
(ঞ) ফ্রুট লুপস কী?
(ট) সংক্রামক রোগ প্রতিকারের উপায়গুলো কী?
(ঠ) চাঁদের বিভিন্ন দশার কারণ কী?
(ড) তিনটি তথ্য সংরক্ষণ যন্ত্রের নাম লেখ।
(ঢ) বাংলাদেশের তিনটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।
(ণ) অধিক খাদ্য উৎপাদনে বিজ্ঞান ও প্রযুক্তি কীভাবে অবদান রাখছে?

৩। **ক, খ, গ, ঘ এবং ঙ নং প্রশ্নসহ যেকোনো সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) হাসানদের শহরে দিন দিন জনসংখ্যা বৃদ্ধি পাওয়ায় সেখানে তাদের চাহিদা মেটানোর জন্য জনগণ নানাভাবে পরিবেশকে দূষিত করছে। পরিবেশ দূষিত হয় এমন কয়েকটি উপাদানের নাম লেখ। পরিবেশ দূষণের অন্যতম প্রধান কারণ কী? পরিবেশ দূষণমুক্ত রাখার তিনটি উপায় লেখ। ১ + ১ + ৩ = ৫

(খ) বাংলাদেশের এভারেস্ট বিজয়ী মুসা ইব্রাহিম ছোট একটি সিলিন্ডার নিয়ে হিমালয়ের চূড়ায় উঠলেন। সিলিন্ডারের ভিতরের গ্যাসটি কী কারণে নেওয়া হয়? প্রাণীদের দেহে এ গ্যাসটির দুটি ব্যবহার লেখ। এ গ্যাসটির সিলিন্ডারের ব্যবহার দেখা যায় এমন দুটি ক্ষেত্র উল্লেখ কর। ১ + ২ + ২ = ৫

(গ) বিজয় রেফ্রিজারেটর থেকে একখন্ড বরফ বের করে তাপ দেওয়ার সময় পদার্থের তিনটি অবস্থার রূপ দেখতে পেল। পদার্থের অবস্থা তিনটির রূপ কী কী? এদের প্রত্যেকটির ১টি করে ধর্ম লেখ। পদার্থ এ তিনটি রূপে যে বিরাজ করে তা কিসের উপর নির্ভর করে? ১ + ৩ + ১ = ৫

(ঘ) ঈদের নতুন চাঁদ দেখার জন্য শামীমের আগ্রহের কোনো কমতি নেই। পূর্ণিমার রাতে চাঁদকে কিরূপ দেখায়? চাঁদের দশা কী? চাঁদের দশা সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১ + ১ + ৩ = ৫

(ঙ) নাসিমার মামা উত্তর আমেরিকার প্রবাসী। সেখানে তীব্র শীতে গাছপালা না হওয়ায় কাচের বা প্লাস্টিকের ঘর বানিয়ে সবুজ শাকসবজির চাষ করা হয়। এ রকম ঘরকে কী বলে? এ ধরনের ঘর কিসের জন্য তৈরি করা হয়? এতে বিদ্যমান গ্যাসগুলোর নাম লেখ। এ গ্যাসগুলো বায়ুমণ্ডলে থাকা মানব সভ্যতার জন্য যে আশীর্বাদস্বরূপ তা দুটি বাক্যে উল্লেখ কর। ১ + ১ + ১ + ২ = ৫

(চ) পরিবেশে উদ্ভিদ ও প্রাণীর পারস্পরিক নির্ভরশীলতা পাঁচটি বাক্যে উল্লেখ কর। ১ × ৫ = ৫

(ছ) সুষম খাদ্যের অভাবজনিত পাঁচটি সমস্যা উল্লেখ কর। ১ × ৫ = ৫

(জ) বয়ঃসন্ধিকালে ছেলেমেয়েদের পাঁচটি শারীরিক পরিবর্তন উল্লেখ কর। ১ × ৫ = ৫

(ঝ) কীভাবে আমরা ইন্টারনেটের মাধ্যমে তথ্য সংগ্রহ করব? পাঁচটি বাক্যে লেখ। ১ × ৫ = ৫

(ঞ) জনসংখ্যাকে জনসম্পদে বা মানব সম্পদে রূপান্তরের পাঁচটি ব্যবস্থা উল্লেখ কর। ১ × ৫ = ৫

# মডেল টেস্ট - ৬ এর উত্তরমালা

১।

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | (খ) | ২ | (ঘ) | ৩ | (ঘ) | ৪ | (ঘ) | ৫ | (ঘ) | ৬ | (গ) | ৭ | (খ) | ৮ | (ক) |
| ৯ | (ঘ) | ১০ | (ঘ) | ১১ | (ক) | ১২ | (ক) | ১৩ | (খ) | ১৪ | (ক) | ১৫ | (খ) | ১৬ | (গ) |
| ১৭ | (গ) | ১৮ | (খ) | ১৯ | (গ) | ২০ | (খ) | ২১ | (খ) | ২২ | (খ) | ২৩ | (ক) | ২৪ | (খ) |
| ২৫ | (খ) | ২৬ | (ক) | ২৭ | (ঘ) | ২৮ | (গ) | ২৯ | (খ) | ৩০ | (ঘ) | ৩১ | (গ) | ৩২ | (গ) |
| ৩৩ | (খ) | ৩৪ | (খ) | ৩৫ | (ঘ) | ৩৬ | (খ) | ৩৭ | (গ) | ৩৮ | (খ) | ৩৯ | (গ) | ৪০ | (খ) |
| ৪১ | (গ) | ৪২ | (গ) | ৪৩ | (ক) | ৪৪ | (খ) | ৪৫ | (গ) | ৪৬ | (ঘ) | ৪৭ | (গ) | ৪৮ | (ক) |
| ৪৯ | (গ) | ৫০ | (গ) | | | | | | | | | | | | |

২। (ক) যানবাহন ও কলকারখানার ধোঁয়া নির্গত হওয়া বায়ু দূষণের প্রধান কারণ বলে আমি মনে করি।

(খ) বায়ু দূষণ বলতে আমি বায়ুর স্বাভাবিক উপাদান পরিবর্তন হওয়াকে বুঝি।

(গ) শিল্পবিপ্লবের সময়কালে কৃষি, শিল্পকারখানা, পরিবহন ইত্যাদি ক্ষেত্রে আমাদের দেশে প্রযুক্তির উন্নয়ন ঘটে।

(ঘ) আমার নিকট বাংলাদেশের জলবায়ু উষ্ণ ও আর্দ্র বলে মনে হয়।

(ঙ) আমার এলাকার তিনটি সীমিত প্রাকৃতিক সম্পদ হলো– তেল, কয়লা এবং প্রাকৃতিক গ্যাস।

(চ) খাদ্য জাল হলো অনেকগুলো খাদ্য শৃঙ্খলের পারস্পরিক সম্পর্ক।

(ছ) যে প্রক্রিয়ায় পানি বিভিন্ন অবস্থায় পরিবর্তিত হয়ে ভূপৃষ্ঠ ও বায়ুমণ্ডলের সর্বত্র ছড়িয়ে পড়ে তাকে পানি চক্র বলে।

(জ) ছাঁকনি দিয়ে ছেঁকে পানি পরিষ্কার করার প্রক্রিয়াই হলো ছাঁকন।

(ঝ) অপচয়ের হাত থেকে শক্তিকে রক্ষা করাকে শক্তির সংরক্ষণ বলে।

(ঞ) ফ্রুট লুপস হলো এক ধরনের জাঙ্ক ফুড।

(ট) সংক্রামক রোগ প্রতিকারে উপায়গুলো হলো রোগাক্রান্ত হলে পর্যাপ্ত বিশ্রাম, পুষ্টিকর খাদ্য গ্রহণ করা এবং প্রচুর পরিমাণে নিরাপদ পানি পান করা ইত্যাদি।

(ঠ) পৃথিবীকে আবর্তনের সময় পৃথিবীর দিকে মুখ করা চাঁদের আলোকিত অংশের পরিমাণের ভিন্নতা দেখা যায়। আর এ কারণেই চাঁদের বিভিন্ন দশা সৃষ্টি হয়।

(ড) তথ্য সংরক্ষণ করা যায় এমন তিনটি যন্ত্র হলো– (i) মেমোরি কার্ড, (ii) পেন ড্রাইভ এবং (iii) সিডি।

(ঢ) বাংলাদেশের তিনটি প্রাকৃতিক দুর্যোগ হলো বন্যা, ঘূর্ণিঝড় ও কালবৈশাখী।

(ণ) বাড়তি মানুষের চাহিদা পূরণে বিজ্ঞান ও প্রযুক্তি অধিক খাদ্য উৎপাদনে সাহায্য করছে। মানুষ বিভিন্ন ধরনের কৃষি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে কম সময়ে বেশি খাদ্য উৎপাদনে সক্ষম হয়েছে। বর্তমানে জৈব প্রযুক্তি ব্যবহার করে অধিক পুষ্টিসম্পন্ন, রোগ প্রতিরোধী এবং অধিক উৎপাদনশীল ফসল উদ্ভাবন করা হচ্ছে।

Teachingbd.com

http://teachingbd.com